গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

**মার্চ/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো : আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ১৯-০৩-২০২৫ সময় : বেলা- ০২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান জরুরী বিভাগ বহি বিভাগ ও অন্ত বিভাগ চিকিৎসা সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া মাঠ পর্যায়ে বিভিন্ন প্রকার কার্যক্রম চলমান রয়েছে। কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সেবাদান সুষ্ঠুভাবে চলছে। নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচানান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। মনিটরিং করে নিয়মিত মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। ০২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য এবং চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর। |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান বোরো আবাদ হয়েছে ১৭৫০৯ হেক্টর, বোর ফসলের মধ্যে ৫০% জমিতে ফুল অবস্থায় আছে। আগামী ০৯-০৪-২০২৫ তারিখ থেকে সম্ভাব্য ধান কাটা শুরু হবে। সেচ সংকটের কারণে ও বৃষ্টি না হওয়ায় কৃষকগণকে বিকল্প সেচ প্রদানে পরামর্শ দেওয়া হচ্ছে। আবহাওয়া অনুকূলে থাকায় বোর ফসল ভালো ফলনের আশা করা যায়। আউশ মৌসুমে ৩০০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। সার বীজ কীটনাশকের কোন সংকট নাই। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ফসল কর্তনের পূর্ব মূহুত পর্যন্ত মাঠ পর্যায়ে পরিদর্শন অব্যাহত রাখা এবং কৃষকগণকে ফসল উৎপাদনের ক্ষেত্রে সার্বিক বিষয়ে সুপরামর্শ ও সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৩ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া ১৩৪ টি প্রাথমিমক বিদ্যালয়ের স্লিপের কাজ চলমান রয়েছে। ০৩ টি বিদ্যালয়ের রুটিন ওয়ার্ক চলমান। | বিস্তারিত আলোচনান্তে ১৩৪ টি প্রাথমিক বিদ্যালয়ের স্লিপের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুরকে অনুরোধ করা হয়। শিক্ষার মান উন্নয়নের জন্য নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। এ ছাড়া তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উন্নয়ন তহবিলের সংশ্লিষ্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সবায় জানান ৩০শে জুনের মধ্যে কাজ সমাপ্ত হবে। সংশ্লিষ্ট প্রকল্পের কাজ নিয়মিত তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের সভায় জানান বালিজুরী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর উত্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ দিন নিয়মিত ডেলিভারী হয়েছে। প্রতি মাসে গড়ে ৩০/৪০ টি ডেলিভারী সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। প্রতিটি কেন্দ্রেই বিশুদ্ধ সুপেয় পানির সংকট তাই জস্বার্থে গভির নলকূপ স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়কে তাহিরপুরকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান প্রতিবন্ধী ভাতা,অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা/উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণ করা হচ্ছে। প্রতিবন্ধী সনাক্ত করণ কর্মসূচি চলমান রয়েছে। সরকারি নির্দেশনামতে কোন প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধীর পরিচয় পত্র "সুবর্ণ নাগরিক কার্ড" ছাড়া প্রতি বন্ধী ভাতা পাবেনা। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ভাতার কার্যক্রম যতাযথভাবে বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান বর্তমানে পাঠ্য পুস্তক গ্রহণ ও বিতরণ কার্যক্রম চলছে। আলিম ও একাদশ শ্রেণির, সমন্বিত উপবৃত্তির কার্যক্রম চলছে। এমপিও ভূক্ত শিক্ষক ও কর্মচারীরদের ইএফটি এর মাধ্যমে বেতন ভাতা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালসার করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর, |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরের সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ উপজেলায় ১২৬ টি প্রাথমিক সমবায় সমিতি ও ০৩ টি কেন্দ্রীয় সমবায় সমিতি বরাদ্দ প্রদান করা হয়েছিল। সমবায় আইন ও বিধিমালার আলোকে মার্চ/২০২৫ খ্রি. সালের মধ্যে বরাদ্দকৃত কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি শতভাগ অডিট সম্পাদন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের নির্দেশের আলোকে তাহিরপুর সমবায় বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থবছরে ৪২০ জন বেকার যুব ও যুব নারীকে ভ্রাম্যমান প্রশিক্ষন দেয়া হয়েছে। চলতি অর্থবছরে মোট ১০ জন বেকার যুবককে আত্নকর্মী হওয়ার জন্য ৭,৭০,০০০/- টাকা যুব ঋণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৯৭৭২৮৯০০/- এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৪৩,৭৬১২৬/- আদায়ের হার ৭৫%। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী,তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করার জন্য জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান ১ম ও ২য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা এর কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। সেতু/কালভার্টসহ অন্যান্য এইচবিবি রাস্তাসহ প্রকল্পের কাজ চলমান রয়েছে। আসন্ন ঈদ-উল ফিতর/২০২৫ উৎযাপন উপলক্ষে পক্ষে ০৭টি ইউনিয়নের অনুকূলে ভিজিএফ চাল বিতরণের লক্ষ্যে ছার করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা /কাবিটা অন্যান্য প্রকল্পের সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তাছাড়া খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর তাহিরপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর। |
| ১৬ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান বালিজুরী ইউনিয়নে বালিজুরী গ্রামে ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলাসহ মোট ৬৪ জন সদস্যকে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। জেলা সমাবেশে ২০ জন ভাতাভোগি সদস্য সদস্যা অংশ গ্রহণ করেন। ভোটার তালিকা হালনাগাদে অত্র উপজেলায় ০৭টি ইউনিয়নে ১৩টি কেন্দ্রে ১৬ জনভাতাভোগি ভিডিপি সদস্য সদস্যা সুষ্ঠভাবে দায়িত্ব পালন করেছেন। টাংগুয়ার হাওরে এটি অভিযান পরিচালনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সময় সময় বিভিন্ন টাংগুয়ার হাওরে অভিযান পরিচালনা করা অব্যাহত রাখা এবং অন্যান কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর । |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা সভায় জানান উক্ত শাখার বিতরণকৃত ঋণের মধ্যে ৬ কোটি ১৯ লক্ষ টাকা খেলাপি। খেলাপির টাকা আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহোদয় তাহিরপুর ও অফিসার ইনচার্জ, তাহিরপুর থানার নিকট আইনি সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা করেন। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বিস্তারিত আলোচনান্তে চলমান খেলাপি ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহণের জন্য এবং সার্বিক দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বিট কর্মকর্তা | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক সম্পর্কে অবহিত করার জন্য বিট কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৯ | অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ; | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলায় যে সকল সরকারি বিভাগীয় প্রদানগণ অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা আছেন। সে সকল দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম কর্মস্থলের নাম মূল দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্বের তালিকা আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় যে সকল সরকারী কর্মকর্তগণ অতিরিক্ত দায়িত্বে আছেন। সে সকল কর্মকতাদের নাম মূল দায়িত্ব/ অতিরিক্ত দায়িত্বের নাম উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থাপনের জন্য সংশ্লিরষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট সকল। |
| ২০ | আইপিএস, মেরামত সিলিং ফ্যান ক্রয়, পানির লাইন সংস্কার মেরামত সংক্রান্ত ; | সভায় আলোচনা করা হয় জনাব বিশ্বজিত সরকার, পিতা হরেন্দ্র মালাকার,সাং- ঠাকুর হাঠি, তাহিরপুর সুনামগঞ্জ কর্তৃক ১৭-০৩-২০২৫ তারিখ মোট ১১,৪৭৫/- (এগার হাজার চারশত পচাত্তর) টাকার একটি ব্যয় ভাউচারসহ একটি আবেদন দাখিল করেন। আবদনের আলোকে উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা পরিষদের আইপিএস ও ব্যাটরী মেরামত, উপজেলা নির্বাহী অফিসরের কার্যালয়ের আইপিএস মেরামত, ০১টি বৈদ্যুতিক মেইন সুইস এবং উপজেলা পরিষদের সম্মুখে পানির লাইন সংস্কার ও মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নতুন ০১ টি সিলিং ফ্যান ক্রয়, উপজেলা নির্বাহী অফিসরের নিরাপত্তা প্রহরী আনসারদের বাসভনের জন্য ০১ টি সিলিং ফ্যান ক্রয়সহ সর্বমোট ১১,৩৮৫/-(এগার হাজার তিনশত পচাশি) টাকা। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আইপিএস ও ব্যাটরী মেরামত, উপজেলা নির্বাহী অফিসরের কার্যালয়ের আইপিএস মেরামত, ০১টি বৈদ্যুতিক মেইন সুইস এবং উপজেলা পরিষদের সম্মুখে পানির লাইন সংস্কার ও মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নতুন ০১ টি সিলিং ফ্যান ক্রয়, উপজেলা নির্বাহী অফিসরের নিরাপত্তা প্রহরী আনসারদের বাসভনের জন্য ০১ টি সিলিং ফ্যান ক্রয়সহ সর্বমোট ১১৩৮৫/-(এগার হাজার তিনশত পচাশি) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জনাব বিশ্বজিত সরকারের নামে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২১ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রলণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা কর্তৃক প্রাপ্ত বরাদ্দ সংক্রান্ত ; | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রলণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা কর্তৃক স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৭২৩, তারিখ : ০৯ মার্চ ২০২৫ মূলে তাহিরপুর উপজেলা পরিষদের অনুকূলে, তাহিরপুর উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ ও ডরমেটরি মেরামত ও সংস্কার,উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত ও সংস্কার, উপজেলা পরিষদের রেস্ট হাইজ মেরামত ও সংস্কার বাবদ মোট ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রলণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা কর্তৃক স্মারকনং৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২. ২৪-৭২৩, তারিখ : ০৯ মার্চ ২০২৫ মূলে তাহিরপুর উপজেলা পরিষদের অনুকূলে, প্রাপ্ত ৪০.০০ ( চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দের আলোকে কার্যক্রম বাস্তবায়নের লক্ষে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | আসন্ন/২০২৫ ঈদ-উল ফিতর উপলক্ষে উপজেলা পরিষদ চুক্তিভিত্তিক কর্মচারীর উৎসব ভাতা সংক্রান্ত ; | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান জনাব মোঃ মহিবুল ইসলাম অফিস সহায়ক, জনাব মো ঃ আব্দুল কাইয়ুম, মালি, জনাব নাহিদুল ইসলাম, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী, এই ০৩ (তিন) জন উপজেলা পরিষদ, তাহিরপুরের দৈনিক চুক্তি ভিত্তিক নিয়োগকৃত কর্মচারী আসন্ন /২০২৫ মাসের পবিত্র ঈদ-উল ফিতর উদযাপন উপলক্ষে উৎসব ভাতা পাওয়ার জন্য ১৬-০৩-২০২৫ তারিখ একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে আসন্ন/২০২৫ পবিত্র ঈদ-উল ফিতর উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদের দৈনিক চুক্তি ভিত্তিক কর্মচারী জনাব মোঃ মহিবুল ইসলাম,অফিস সহায়ক, জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মালি, জনাব নাহিদুল ইসলাম, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী, এই ০৩ (তিন) জন উপজেলা পরিষদ, তাহিরপুরের দৈনিক চুক্তি ভিত্তিক কর্মচারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |
| ২৩ | নৌকাঘাট সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় অবহিত করে যে, তাহিরপুর উপজেলাধীন ১) ঘাগড়া হতে লাউড়েরগড় পর্যন্ত যাদুকাটা নদীর উভয় পাশে কার্গো/দেশীও নৌকা বালু পাথর ও অন্যান্য সকল মালামাল উঠানামা সংক্রান্ত নৌকাঘাট ২) বাদাঘাট বাজার নৌকাঘাট ৩) শ্রীপুর বাজার নৌকাঘাট ৪) ডাম্পের বাজার নৌকাঘাট, ১৪৩০ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট টিটিশন নং-২৮৭৭/২৩ এবং ৫৮৯৫/২৩ মামলায় নিষেধাজ্ঞা প্রদান করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৮৭৭/২৩ এবং ৫৮৯৫/২৩ মামলায় নিষেধাজ্ঞা আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল ২৫১৭/২৩ এবং ২৪৮৪/২৩ মামলা আনয়ন করলে স্থিতাবস্থার আদেশ প্রদান করা হয়। স্থিতাবস্থা চলাকালীন অবস্থায় ১৪৩১ বাংলা সন মেয়াদে ইজারার বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ সরকারি কৌসুলী, সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে বিজ্ঞ সরকারি কৌসুলী, সুনামগঞ্জ স্থিতাবস্থার আদেশ শুনানী না হওয়া পর্যন্ত ইজারা প্রদান না করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মতামত প্রদান করেন। এ প্রেক্ষিতে ১৪৩১ বাংলা সনে খাস আদায় অব্যাহত রাখার জন্য আদেশ প্রদান করেন। বর্ণিত ঘাটসমূহের উপর স্থিতাবস্থার আদেশ প্রত্যাহার না হওয়ায় ১৪৩২ বাংলা সনেও উক্ত নৌকাঘাটসমূহ ইজারা প্রদান করা সম্ভব হয় নি। এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে বর্ণিত অ-ইজারাকৃত নৌকাঘাটসমূহে বিধি মোতাবেক নির্ধারিত খাস আদায় কমিটির মাধ্যমে ১৪৩২ বাংলা সনে খাস আদায় অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য প্লাস্টিকের চেয়ার ক্রয় সংক্রান্ত | তাহিরপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ৫০ টি প্লাস্টিকের চেয়ার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ৫০ টি প্লাস্টিকের চেয়ার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২৫ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ০৪টি এসি ক্রয় সংক্রান্ত ; | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের ০৪ টি এসি ছিল। এসিগুলো ইঁদুর ভেতরে ঢুকে বিভিন্ন যন্ত্রাংশ কেটে নষ্ট করে ফেলেছে। মেকানিক দ্বারা জানা যায় এগুলো ব্যবহার অনুপযোগী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য ০৪ টি নতুন এসি উপজেলা পরিষদের রাজস্ব/উন্নয়ন তহবিল হতে বিধি মোতাবেক ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-৩০(৫০)

তারিখ: ২৫ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা..............................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, .........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব মোঃ আক্তার হোসেন প্রশাসক, উপজেলা পরিষদ, নাগরপুর সভার তারিখ: ১৭/০৩/২৫
সময়: দুপুর ২:০০ ঘটিকা স্থান: উপজেলা পরিষদ
সম্মেলন কক্ষ।

| ক্রম: | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আক্তার হোসেন | উপজেলা নির্বাহী অফিসার নাগরপুর | |
| ০২ | ইকবাল আলী | ([illegible]) [illegible] | [signature] |
| ০৩ | আলী [illegible] | ([illegible]) | [signature] |
| ০৪ | ডা. শাহীর আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ০৫ | মোঃ শফিকুল ইসলাম | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ০৬ | মোহাম্মদ মুজিবুল ইসলাম | UPIO | [signature] |
| ০৭ | আশীষ আচার্য্য | UCCO | [signature] |
| ০৮ | মো: আবু [illegible] সিদ্দিক | UFPO | [signature] 17.3.2025 |
| ০৯ | মো: [illegible] ইসলাম | USW | [signature] |
| ১০ | মো: মাহমুদুল হাসান | [illegible] | [signature] |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | অনন্ত দেব নাথ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | [signature] ১১/৩/২৫ |
| ১২ | অনিল সাহা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | [signature] ১২/০৩/২০২৫ |
| ১৩ | মোঃ মুজাহিদ হোসাইন | উপজেলা ফ্যাসিলিটেটর [illegible] | [signature] |
| ১৪ | রনবীর [illegible] | উপজেলা যুব উন্নয়ন [illegible] অধিদপ্তর | [signature] ১২/৩/২৫ |
| ১৫ | রাজীব দেবনাথ | [illegible] | [signature] ১২/৩/২৫ |
| ১৬. | [illegible] | [illegible] | [signature] ১২/৩/২৫ |
| ১৭ | মোঃ আব্দুল [illegible] মিয়া UFO (ভূমি) | উপজেলা [illegible] (ভূমি) [illegible] | [signature] |
| ১৮ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অফিস [illegible] | [signature] |
| ১৯. | ~~[illegible]~~ [illegible] | | |
| | | | |